

রেকর্ড রাখা

চাইল্ড কেয়ার, প্রিন্সিপাল এবং স্কুলে ভর্তির জন্য আপনাকে আপনার শিশুর টিকাদানের রেকর্ড জমা দিতে হবে। বাবা মায়েরা যেকোনো সময় (বাচ্চার বয়স ১৪ বছর হওয়ার আগে) AIR ইমিউনাইজেশন হিস্ট্রি স্টেটমেন্ট এর কপির জন্য আবেদন করতে পারেন।

- ওয়েবসাইটের মাধ্যমে myGov my.gov.au তাদের মেডিকেয়ার অনলাইন অ্যাকাউন্ট ব্যবহার করে
- মেডিকেয়ার এক্সপ্রেস প্লাস অ্যাপ ব্যবহার করে humanservices.gov.au/individuals/subjects/express-plus-mobile-apps
- 1800 653 809 নম্বরে AIR জেনারেল ইনকোয়ারি লাইনে ফোন করে

আপনি কি জানেন
যে নিউ সাউথ
ওয়েলস এ শতকরা
৯৪ ভাগের বেশি
শিশু সম্পূর্ণভাবেই
ভ্যাকসিনপ্রাপ্ত?

ভ্যাকসিন কোথায় নিতে হবে

যারা ভ্যাকসিন দিয়ে থাকেন:

- জিপি
- স্থানীয় কিছু কাউন্সিল
- কিছু কিছু কমিউনিটি স্বাস্থ্য কেন্দ্র

আপনার এলাকায় কী কী পরিষেবা পাওয়া যাবে সে সম্পর্কে যদি আপনি নিশ্চিত না হন তাহলে 1300 066 055 নম্বরে আপনার নিকটস্থ পাবলিক হেলথ ইউনিটের সাথে যোগাযোগ করুন।

**ভ্যাকসিন দেয়ার তারিখটি
লিখে রাখুন**

গুরুতর রোগের বিরুদ্ধে আপনার বাচ্চার সর্বোত্তম
সুরক্ষা হল সময়মত ভ্যাকসিন দেয়া



আপনার বাচ্চার ভ্যাকসিন দেয়ার
সময় কখন, তা চেক করুন

health.nsw.gov.au/vaccinate



NSW Health

সময়মত টিকা দিন

আপনার শিশুকে
সর্বোচ্চ সুরক্ষা দিন



ভ্যাকসিন নিতে দেরি করবেন না

ভ্যাকসিনগুলো নিরাপদ এবং আপনার বাচ্চার জন্য সর্বোচ্চ সুরক্ষা দেবে যদি সেগুলো NSW ইমিউনাইজেশন সিডিউল অনুসারে সময়মত দেয়া হয়।

বিশেষজ্ঞরা শিশুদের দেয়া প্রত্যেকটি ভ্যাকসিনের সময় সতর্কতার সাথে নির্ধারণ করেন, যাতে করে শিশুরা সেই বয়সে সুরক্ষিত থাকে, যে বয়সে রোগটি সবচেয়ে বেশি দেখা দেয় বা সবচেয়ে মারাত্মক হয়।

আপনার বাচ্চার যদি সর্দি কিংবা হালকা জ্বর থাকে, তাহলে বাচ্চাকে ভ্যাকসিন দিতে দেরি করবেন না। যত শীঘ্র সম্ভব আপনার বাচ্চার সুরক্ষা নিশ্চিত করার জন্য আপনার ডাক্তার কিংবা নার্সের সাথে কথা বলুন।

কেন ভ্যাকসিন দিতে হবে

- গুরুতর রোগবাহাই থেকে আপনার শিশুকে রক্ষা করার সবচেয়ে ভাল উপায় হলো ভ্যাকসিন দেয়া।
- ভ্যাকসিন আপনার শিশু এবং আপনার কমিউনিটিকে সুরক্ষা দেয়।
- ভ্যাকসিন-প্রতিরোধ্য রোগ নিয়ন্ত্রণে ভ্যাকসিন সাহায্য করে

কখন ভ্যাকসিন দিতে হবে

নিউ সাউথ ওয়েলস্ ইমিউনাইজেশন সিডিউল নিম্নোক্ত বয়সে শিশুদের ভ্যাকসিন দেয়ার পরামর্শ দেয়:

- জন্মের সময়
- ৬ সপ্তাহ বয়সে
- ৪ মাস বয়সে
- ৬ মাস বয়সে
- ১২ মাস বয়সে
- ১৮ মাস বয়সে
- ৪ বছর বয়সে

আপনার শিশুকে সময়মত ভ্যাকসিন দেয়া জরুরী। সুতরাং আপনার ডাক্তার কিংবা নার্সের সাথে আগেই তারিখটি নিশ্চিত করে একটি সাক্ষাতকারের ব্যবস্থা করুন এবং টিকাদানের তারিখটি লিখে রাখুন।

ভ্যাকসিন দেয়ার পর

গুরুতর রোগবাহাই থেকে আপনার শিশুকে সুরক্ষায় ভ্যাকসিন নিরাপদ এবং কার্যকরী।

কখনও কখনও ভ্যাকসিন দেয়ার পর আপনার বাচ্চার মৃদু পার্শ্বপ্রতিক্রিয়া হতে পারে, যেমন ইনজেকশনের জায়গায় ব্যথা হওয়া, ফুলে যাওয়া এবং লাল হয়ে যাওয়া।

সম্ভাব্য পার্শ্বপ্রতিক্রিয়া নিয়ে যদি আপনি চিন্তিত হন, তাহলে আপনার ডাক্তার কিংবা নার্সের সাথে কথা বলুন।

শিশুদের জন্য বিনামূল্যে ফ্লু ভ্যাকসিন

ইনফ্লুয়েঞ্জা (ফ্লু) ভ্যাকসিন মারাত্মক ফ্লু থেকে আপনার সন্তানের জন্য সেরা সুরক্ষা। এটি ৬ মাস থেকে ৫ বছরের কম বয়সী শিশুদের জন্য বিনামূল্যে দেয়া হয়। ফ্লু-র যে স্ট্রেনগুলো সচরাচর দেখা যায়, তা থেকে সুরক্ষার জন্য প্রতি বছর ফ্লু ভ্যাকসিন দেওয়া প্রয়োজন। নিয়মিত টিকাদানকারীর কাছ থেকে ভ্যাকসিনটি পাওয়া যাবে।

আরও তথ্যের জন্য health.nsw.gov.au/flu ওয়েবসাইটটি দেখুন।

আপনার বাচ্চাকে নিরাপদ রাখুন সময়মত ভ্যাকসিন দিন

